

■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৬৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصل الأول

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَيُّكُمْ مَالٌ وَارِثٌ أَحَبُّ إِلَيْهِ مِنْ مَالِهِ؟» قَالُوا: يَا رَسُولَ اللَّهِ مَا مَنَّا أَحَدٌ إِلَّا مَالُهُ أَحَبُّ إِلَيْهِ مِنْ مَالِ وَارِثِهِ. قَالَ: «فَإِنَّ مَالَهُ مَا قَدَّمَ وَمَالَ وَارِثِهِ مَا أَخْرَ». رَوَاهُ الْبُخَارِيُّ

- رواه البخارى (6442)

(صحيح)

বাংলা

৫১৬৮-[১৪] আবদুজ্জাহ ইবনু মাস্টুদ (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুজ্জাহ (সা.) বললেন, তোমাদের মধ্যে এমন কে আছে, যার কাছে নিজ সম্পদ অপেক্ষা উত্তরাধীকারীদের সম্পদ অধিক প্রিয়? তারা বলল : হে আল্লাহর রসূল! আমাদের মধ্যে এমন কেউ নেই; বরং ওয়ারিসের সম্পদ অপেক্ষা নিজের সম্পদই অধিক প্রিয়। তিনি (সা.) বললেন : যে (আল্লাহর পথে খরচ করে) যা অগ্রিম পাঠায় তাই তার সম্পদ। আর যা সে পিছনে রেখে যায় তা তার ওয়ারিসের সম্পদ। (বুখারী)।

ফুটনোট

সহীহ : বুখারী ৬৪৪২, নাসায়ী ৩৬১২, সিলসিলাতুস সহীহাহ ১৪৮৬, সহীলুল জামি ২৬৯৬, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৮৬১, মুসনাদে আহমাদ ৩৬২৬, শুআবুল ঈমান ৩৩৩১, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৬৪৩৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৭৪৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فِإِنْ مَالَهُ مَا قَدَّمَ وَمَالَ وَارِثُهُ مَا أُخْرٍ) উল্লেখিত হাদিস সম্পর্কে ইবনু বাত্তলসহ আরো অনেকে বলেন, আখিরাতে উপকৃত হওয়ার জন্য সৎ ও উত্তম পছ্যায় সম্পদ দান করার জন্য উদ্বুদ্ধ করা হয়েছে। কেননা মৃত ব্যক্তি যে সম্পদ রেখে মারা যায় তার মালিক তার উত্তরাধিকারীগণ। অতএব মৃতের পূর্বে মালের মালিক নিজে যদি ঐ মাল দ্বারা আল্লাহর আনুগত্যমূলক কাজ সম্পাদন করে তাহলে এর সাওয়াব সে নিজে পাবে। আর এই মাল উপার্জন ও তা জমা করার জন্য যে কষ্ট সে নিজে করেছে তা দ্বারা উপকৃত হতে পারবে। আর ঐ মাল দ্বারা যদি সে আল্লাহর অবাধ্যমূলক কাজ করে তাহলে তো সে উপকৃত হওয়া থেকে বাধ্যত হবে। (ফাতহল বারী ১১শ খণ্ড,
হা. ৬৪৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85148>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন